



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.১০৭.২৩.০০০১.২৬-৮৮৮


২০শে আশ্বিন ১৪৩৩
তারিখ:-----
০৫ই অক্টোবর ২০২৬

বিষয়: লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২৭ এর খুলনা অঞ্চলের প্রতিযোগিতা আয়োজনের ভেন্যু নির্ধারণ ও কেন্দ্র সচিব মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৭ উদযাপন উপলক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক চতুর্থবারের মতো লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই ধারাবাহিকতায় খুলনা অঞ্চলের (অংশগ্রহণকারী শিক্ষার্থীদের লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড) প্রতিযোগিতা পরিচালনার জন্য খুলনা জিলা স্কুল-কে ভেন্যু হিসেবে নির্ধারণ করা হয়েছে। এছাড়াও আপনাকে উক্ত লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২৭ এর খুলনা অঞ্চলের কেন্দ্র সচিব হিসেবে মনোনীত করা হয়েছে।

২। বর্ণিত অবস্থায় খুলনা জিলা স্কুল-কে ভেন্যু হিসেবে ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং কেন্দ্র সচিব হিসেবে আপনাকে দায়িত্ব পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অঞ্চলভিত্তিক প্রতিযোগিতার সময়সূচি আগামী ২২/১০/২০২৬ তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

সংযুক্তি: ১। পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন-কপি।
২। গঠিত আঞ্চলিক উপকমিটি-কপি।


(ড. খিলফাত জাহান যুবাইরাহ)
উপপরিচালক (প্রশাসন)

ও

সদস্য-সচিব

লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড বাস্তবায়ন কমিটি
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

প্রধান শিক্ষক
খুলনা জিলা স্কুল, খুলনা।
ই-মেইল: zillaschool.khulna@yahoo.com

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা;
২. আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা;
৩. জেলা শিক্ষা অফিসার, খুলনা;
৪. উপপরিচালক (কলেজ-১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৫. উপপরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬. পিএ টু পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট - [পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
৭. পিএ টু অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট- [অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য];
৮. অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd


লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২০২৭


মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৭ উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট চতুর্থবারের মতো দেশব্যাপী লিঙ্গুইস্টিক অলিম্পিয়াডের আয়োজন করতে যাচ্ছে। এ আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে মাতৃভাষা চর্চা, প্রচার ও প্রসার ঘটানো ইনস্টিটিউটের মূল লক্ষ্য। আগামী ৩১/১০/২০২৬ তারিখ থেকে লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আরম্ভ হবে। প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ২টি ক্যাটেগরিতে। ক-ক্যাটেগরি: ষষ্ঠ থেকে নবম শ্রেণি এবং খ-ক্যাটেগরি: দশম থেকে দ্বাদশ শ্রেণি। এ লক্ষ্যে অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.imli.gov.bd তে প্রবেশ করে রেজিস্ট্রেশন করা যাবে। এছাড়া স্মার্টফোনের মাধ্যমে QR Code স্ক্যান করেও রেজিস্ট্রেশন ফরম পূরণ করা যাবে।

প্রতিযোগিতার অঞ্চল: ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ, ও কুমিল্লা।

রেজিস্ট্রেশনের সময়সীমা: ০৩/১০/২০২৬ থেকে ২০/১০/২০২৬ পর্যন্ত।

লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড এর ভেন্যু ও সময়সূচি: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইট www.imli.gov.bd-এ আগামী ২৫ অক্টোবর ২০২৬ তারিখের পর প্রকাশ করা হবে।




২৬.১০.২০২৬

(অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান)

পরিচালক

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

[বি.দ্র: লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড-২০২৭ সংক্রান্ত সকল আপডেট আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের ওয়েবসাইটে পাওয়া যাবে]

স্মারক ৩৭.২৬.০০০০.১০৭.১৮.০০৪.১৯-৮৯৫

২০শে আশ্বিন ১৪৩৩
তারিখ : -----
৫ই অক্টোবর ২০২৬


অফিস আদেশ

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৭ উদযাপন উপলক্ষ্যে লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক একটি উপকমিটি গঠন করা হয়। উক্ত কমিটির ১ম সভায় লিঙ্গুইস্টিক অলিম্পিয়াড সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি আঞ্চলিক উপকমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নোক্তভাবে একটি আঞ্চলিক উপকমিটি গঠন করা হলো:

ক্রমিক	পদবি ও কর্মস্থল	কমিটিতে পদ মর্যাদা
১.	আঞ্চলিক পরিচালক (সংশ্লিষ্ট অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	আহ্বায়ক
২.	উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	সহ-আহ্বায়ক
৩.	জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট)	সদস্য
৪.	শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সংশ্লিষ্ট)	সদস্য সচিব (ভেন্যু প্রধান)

কমিটির কার্যপরিধি:

- ভেন্যু/স্থান নির্বাচন করা;
- প্রতিযোগিতার আয়োজন করা;
- প্রতিযোগিতার জন্য আসন-বিন্যাস প্রস্তুতকরণ;
- আনুপাতিকহারে প্রত্যবেক্ষক নির্বাচন, উত্তরপত্র মূল্যায়নকারী নির্বাচন, প্রত্যবেক্ষণ, মূল্যায়ন, সার্বিক শৃঙ্খলা রক্ষায় বিএনসিসি, রোভার স্কাউট এবং প্রয়োজন অনুযায়ী স্বেচ্ছাসেবক নির্বাচনে আমাই-কে সহযোগিতা করা;
- ফলাফল প্রস্তুতকরণ ও আমাই কর্তৃপক্ষের নিকট ফলাফল হস্তান্তরে আমাই-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা;
- কার্যক্রমে সম্পৃক্ত ব্যক্তিদের আপ্যায়ন ব্যবস্থাপনায় আমাই-কে সহযোগিতা করা;
- বিশেষজ্ঞ টিমের থাকা-খাওয়া এবং যাতায়াতের ব্যবস্থাকরণে আমাই-কে সহযোগিতা করা।


আবুল কালাম (উপসচিব)

অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ)

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

ফোন: ৫৫১৩০১১৭

ই-মেইল: imli.moebd@gmail.com

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. আঞ্চলিক পরিচালক (সংশ্লিষ্ট অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩. জেলা শিক্ষা অফিসার (ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/কুমিল্লা)
৪. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সিলেট / বরিশাল সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, বরিশাল/ খুলনা জিলা স্কুল, খুলনা/ সৈয়দপুর সরকারি বিজ্ঞান কলেজ, নীলফামারী / গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, রাজশাহী/ প্রিমিয়ার আইডিয়াল হাইস্কুল, ময়মনসিংহ/ ইম্পাহানী পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম/ আজিমপুর গভর্নমেন্ট গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা।